



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
উপ-পুলিশ কমিশনার
গোয়েন্দা বিভাগ (ডিবি) এর কার্যালয়
রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর



তাৎক্ষণ্যিক: ২৬/০১/২০২২

প্রেস রিলিজ

রংপুর মেট্রোপলিটন পুলিশের গোয়েন্দা বিভাগ (ডিবি) কর্তৃক ঔষধ ফ্যাক্টরীতে অভিযান



গত ২৬.০১.২০২২ খ্রি. ১৬.৩০ ঘটিকায় গোপন সংবাদের ভিত্তিতে রংপুর মেট্রোপলিটন গোয়েন্দা বিভাগ (ডিবি)’র উপ-পুলিশ কমিশনার জনাব মোঃ কাজী মুত্তাকী ইবনু মিনান মহোদয়ের নির্দেশনায়, পুলিশ পরিদর্শক (নিঃ) জনাব মোঃ মোস্তাফিজুর রহমান এর অপারেশন পরিকল্পনা ও নেতৃত্বে এসআই (নিঃ) মোঃ বাবুল ইসলাম, এসআই (নিঃ) মোঃ গোলাম মোশেদ, এসআই (নিঃ) মোঃ তছলিম উদ্দিন আহমেদ, এসআই (নিঃ) ছাইয়ুম তালুকদার, এসআই (নিঃ) সবিন চন্দ্ৰ মাহাতো, এসআই (নিঃ) আই এইচ লাকু সরকার এবং সঙ্গীয় অফিসার ও ফোর্সসহ আরপিএমপি, কোতয়লী থানাধীন ১৭ নং ওয়ার্ডস্থ সাতগারা মিঞ্চিপাড়া ‘কনফিডেন্ট এগ্রো ভেট’ ঔষধ ফ্যাক্টরীতে অভিযান পরিচালনা করে গৃহপালিত পশুর বিপুল পরিমাণে পুষ্টি জাতীয় খাবার ও মেডিসিন উদ্ধার করা হয়।

এছাড়াও উক্ত প্রতিষ্ঠান থেকে বিভিন্ন প্রকার প্রাণীজ পুষ্টি জাতীয় খাবার ও Rumicon, Com V Cal, Con Zinc, Freti Cal, Hepacon, Ferti Care, Utro Con, Con Zyme নামীয় অনন্মোদিত ঔষধ সহ প্রায় ১০ লক্ষাধিক টাকার মালামাল জর্দ করা হয়।

উক্ত ফ্যাক্টরীর দূর্বলতাসমূহ-

- ১) ড্রাগ লাইসেন্স নাই।
- ২) কেমিক্যাল খোলা জায়গায় অবক্ষিত।
- ৩) শ্রমিকদের স্বাস্থ্য সুরক্ষা সামগ্রী, যেমন- মাস্ক, প্লোভস অ্যাপ্রোন পরিহিত ছিল না।

পরবর্তীতে ঔষধ প্রশাসন অধিদপ্তর, রংপুর এর সহকারী পরিচালক এর উপস্থিতিতে রংপুর জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেট জনাব মলিহা খানম ভার্যামান আদালত পরিচালনা করে ঔষধ আইনের ১৯৪০ এর ১৮(ক) ও ১৮(গ) ধারা মোতাবেক উক্ত প্রতিষ্ঠানের মালিককে ১০ হাজার টাকা জরিমানা ও অনাদায়ে ০১ মাসের বিনাশ্রম কারাদণ্ডসহ উক্ত প্রতিষ্ঠানকে সকল ত্রুটি সংশোধন করে উৎপাদন করার আদেশ দেয়া হয়।

উল্লেখ্য যে, রংপুর মহানগরী এলাকার সকল ধরণের অপরাধ নিয়ন্ত্রণে রংপুর মেট্রোপলিটন পুলিশের অভিযান অব্যাহত থাকবে।

যে কোন অপরাধ দমনে তথ্য দিন বা যোগাযোগ কার্যন-
অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (ডিবি)- ০১৩২০-০৭৩৬৬১।

২৬.০১.২০২২

(মোঃ সাজ্জাদ হোসেন)
অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার
(ডিবি এন্ড মিডিয়া)
পক্ষে/পুলিশ কমিশনার
রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর
মোবাইল-০১৩২০-০৭৩৬৬১